
### অভিযোগ দায়ের ও নিষ্পত্তি

আপীল করে তথ্য না পাওয়া গেলে বা অসম্পূর্ণ বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করা হলে বা আপীলের সিদ্ধান্তে আবেদনকারী সংক্ষুব্ধ হলে পরবর্তী ৩০ দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন। তথ্য কমিশন সাধারণভাবে ৪৫ দিন এবং সর্বোচ্চ ৭৫ দিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করবে।

### আইন ভঙ্গের দন্ড

এ আইন ভঙ্গ করলে আর্থিক জরিমানা আরোপ, বিভাগীয় শাস্তিমূলক কার্যক্রম গ্রহণ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারীকে ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

### তথ্যপ্রাপ্তি সংক্রান্ত আবেদন প্রক্রিয়া




## দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
উপনিবন্ধক (প্রশাসন)
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী
ফোন নাম্বার: ০২৫৮৮৮৫৭৬৩৬

বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
উপনিবন্ধক (বিচার)
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী
ফোন নাম্বার: ০২৫৮৮৮৫১১০৮

আপীল কর্তৃপক্ষ
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা
ফোন নাম্বার: ০২৪৮১১৯৩০৫

### বিভিন্ন ফরম পাওয়ার ঠিকানা

www.infocom.gov.bd
www.bangladesh.gov.bd
www.forms.gov.bd
www.coop.rajshahidiv.gov.bd

### দাপ্তরিক ঠিকানা

বিভাগীয় সমবায় কার্যালয়
সাধারণ বীমা ভবন (৯ম তলা)
গ্রেটার রোড, কাজীহাটা, রাজশাহী-৬০০০
ফোন নাম্বার: ০২৫৮৮৮৫৫৫৪৬
ই- মেইল: jr_rajshahi@yahoo.com

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর
সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অধিক্ষেত্র
তথ্য অধিকার আইন বিষয়ে
জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রণীত প্রচারপত্র

# তথ্য অধিকার আইন ও বিধিমালা

বিশেষ সংখ্যা
৫১তম জাতীয় সমবায় দিবস
শনিবার ০৫ নভেম্বর ২০২২

সঠিক তথ্য সমবায় সমিতির
কার্যক্রমকে করবে
আরো স্বচ্ছ ও গতিশীল

সমবায় বিভাগ, রাজশাহী

## তথ্য

আমরা যা কিছু জানি এবং যা জানতে চাই তাই তথ্য। সাধারণত অফিসে যা কিছু সংরক্ষিত আছে মূলত তাই তথ্য।

## তথ্য অধিকার

তথ্য অধিকার হলো কোনো কর্তৃপক্ষের নিকট হতে তথ্য প্রাপ্তির অধিকার। তথ্য অধিকার আইন, ২০০৯ এর মূল কথা হলো কর্তৃপক্ষের কাছ থেকে প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার আছে এবং নাগরিক তথ্য চাইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাকে তা সরবরাহ করতে বাধ্য।

## কর্তৃপক্ষ

তথ্য অধিকার আইনে কর্তৃপক্ষ হলো সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি ও বিদেশি অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বেসরকারি সংস্থা।

## আইনের উদ্দেশ্য

তথ্যের অবাধ প্রবাহ, বিবেক ও বাক স্বাধীনতা প্রতিষ্ঠা, জনগণের ক্ষমতায়ন ও তথ্য অধিকার নিশ্চিতকরণ, কর্তৃপক্ষের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ২০০৯ সালে এ আইন প্রণয়ন করা হয়েছে।

## প্রদানযোগ্য তথ্য

- স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য
- বিভিন্ন নির্দেশিকা, চুক্তি, পত্র, প্রকল্প প্রস্তাব ও প্রতিবেদন
- উপকারভোগীর তালিকা, মাস্টাররোল লগবহি ও রেজিস্টার
- বাজেট ও ব্যয় বিবরণী এবং সম্পাদিত ক্রয় কার্যক্রমের তথ্য
- প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্য ব্যতিত অন্য সকল তথ্য

## প্রদান বাধ্যতামূলক নয়; এমন তথ্যের তালিকা

- দেশ বা জনগণের নিরাপত্তায় হুমকি হতে পারে
- আন্তর্জাতিক সম্পর্ক ক্ষুণ্ন হতে পারে
- আইন প্রয়োগে বাধা বা অপরাধ বৃদ্ধি পেতে পারে
- দাপ্তরিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন ব্যাহত হতে পারে
- ব্যক্তিগত গোপনীয়তা ক্ষুণ্ন হতে পারে
- বিচারাধীন মামলা/তদন্তকার্য বিঘ্ন হতে পারে
- বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্থ হতে পারে

## তথ্য প্রদান ইউনিট

প্রতিটি দপ্তরে তথ্যের জন্য আবেদন গ্রহণ ও তথ্য প্রদান সংক্রান্ত কাজের জন্য একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রয়েছেন। সমবায় সমিতির শ্রেণিভিত্তিক তথ্য প্রদান ইউনিট নিম্নরূপ:

প্রাথমিক সমবায় সমিতির তথ্যের জন্য-
জেলা সমবায় কার্যালয়

কেন্দ্রীয় বা একাধিক জেলাব্যাপি প্রাথমিক সমবায় সমিতির তথ্যের জন্য- বিভাগীয় সমবায় কার্যালয়

জাতীয় বা একাধিক বিভাগব্যাপি সমবায় সমিতির তথ্যের জন্য- সমবায় অধিদপ্তর

## তথ্য প্রাপ্তির অনুরোধ

কোনো ব্যক্তি এ আইনের অধীনে কী তথ্য পেতে চান তা স্পষ্টভাবে উল্লেখ করে সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট নির্ধারিত ফরমে লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে আবেদন করতে পারবেন। মুদ্রিত ফরম সহজলভ্য না হলে প্রয়োজনীয় তথ্য সন্নিবেশ করে সাদা কাগজে অথবা ইলেকট্রনিক মিডিয়া ব্যবহার করে তথ্য প্রাপ্তির জন্য অনুরোধ করা যাবে। চাহিত তথ্য প্রাপ্তির জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে নির্ধারিত চালান কোডে তফসিল অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধ করতে হবে।

## তথ্য প্রদানের সময়সীমা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন গ্রহণের ২০ কার্য দিবসের মধ্যে নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে আবেদনকারীকে তথ্য প্রদান করবেন। তবে আবেদিত তথ্যের সঙ্গে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষ যুক্ত থাকলে ৩০ কার্যদিবসের মধ্যে তথ্য সরবরাহ করতে পারবেন। আবেদিত তথ্য কোনো ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার থেকে মুক্তির সঙ্গে সম্পর্কিত হলে আবেদন প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে প্রাথমিক তথ্য সরবরাহ করতে হবে।

## তথ্য সরবরাহে অপারগতা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোনো কারণে তথ্য প্রদানে অপারগ হলে আবেদন প্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে অপারগতার কারণ উল্লেখ করে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করবেন।

## আপীল দায়ের ও নিষ্পত্তি

নির্ধারিত সময়ের মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোনো সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে আবেদনকারী পরবর্তী ৩০ দিনের মধ্যে নির্ধারিত ফরমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আপীল করতে পারবেন। আপীল আবেদন প্রাপ্তির ১৫ দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষ আপীল নিষ্পত্তি করবেন।

## আপীল কর্তৃপক্ষ

তথ্য অধিকার আইনে আপীল কর্তৃপক্ষ হলো তথ্য প্রদান ইউনিটের অব্যবহিত উর্ধ্বতন কার্যালয়ের প্রশাসনিক প্রধান অথবা উর্ধবতন কার্যালয় না থাকলে উক্ত তথ্য প্রদান ইউনিটের প্রশাসনিক প্রধান।

## তৃতীয় পক্ষ

এই আইনে তৃতীয় পক্ষ হলো তথ্য প্রাপ্তির জন্য অনুরোধকারী বা তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ ব্যতিত অনুরোধকৃত তথ্যের সাথে জড়িত অন্য কোনো পক্ষ।


বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন
৫১ তম জাতীয় সমবায় দিবস ২০২২


৫১
তম
জাতীয়
সমবায়
দিবস ২০২২
বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন
সমবায় র‍্যালি
সমবায় বিভাগ, রাজশাহী